কুষ্টিয়ায় পরিবহন শ্রমিকদের কর্মবিরতি প্রত্যাহার, বাস চলাচল শুরু

কুষ্টিয়ায় দাবি আদায়ে অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকা বাস চলাচল আবার শুরু হয়েছে। শনিবার (১৮ এপ্রিল) দুপুর ১টায় কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ে মালিক ও শ্রমিক নেতাদের মধ্যে বৈঠকে সমঝোতা হওয়ায় স্থানীয় রুটে বাস চলাচল স্বাভাবিক হয়।

সমঝোতার পর কুষ্টিয়া-মেহেরপুর, কুষ্টিয়া-প্রাগপুর, কুষ্টিয়া- রাজবাড়ী, কুষ্টিয়া-খুলনা-যশোর, কুষ্টিয়া-বরিশাল, কুষ্টিয়া- রাজশাহী, কুষ্টিয়া-পাবনা-সিরাজগঞ্জসহ বিভিন্ন রুটে বাস চলাচল শুরু হয়েছে।

কুষ্টিয়া জেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি মাহাবুল আলম জানান, সকাল ১১টায় পুলিশ সুপারের কার্যালয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। এতে শ্রমিকদের দাবি উপস্থাপন করা হয়। পরে দুপুর ১টার দিকে উভয় পক্ষের মধ্যে সমঝোতা হওয়ায় কর্মবিরতি প্রত্যাহার করা হয়।

কুষ্টিয়া জেলা বাস মিনিবাস মালিক গ্রুপের সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম বলেন, শ্রমিক সংগঠনের নেতারা তাদের দাবির কথা জানান। দাবি পূরণ না হওয়ায় শুক্রবার থেকে সব রুটে বাস চলাচল বন্ধ ছিল। আজ বৈঠকে সমঝোতা হওয়ায় শ্রমিকরা কাজে যোগ দিয়েছেন।

প্রসঙ্গত, শুক্রবার ভোর থেকে কুষ্টিয়ার অভ্যন্তরীণ সব রুটে যাত্রীবাহী বাস চলাচল বন্ধ রাখা হয়। বাস-মিনিবাস মালিক গ্রুপের সঙ্গে কুষ্টিয়া-খুলনা-যশোর রুটে মোটর শ্রমিক ইউনিয়নের বাসও বন্ধ ছিল। গত ১৫ এপ্রিলের মধ্যে দাবি মেনে নেওয়ার আল্টিমেটাম দেওয়া হলেও তা বাস্তবায়ন না হওয়ায় অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু হয়। পরে মালিক সমিতির শ্রমিকরাও এতে একাত্মতা প্রকাশ করে বাস চলাচল বন্ধ রাখেন।

শ্রমিকদের দাবির মধ্যে ছিল পরিবহন সংশ্লিষ্ট মালিকদের মতো শ্রমিকদেরও সমান সুযোগ-সুবিধা প্রদান এবং শ্রমিক সংগঠনের নামে কুষ্টিয়া-খুলনা রুটে একটি বাস চলাচলের অনুমোদন।